মেহেরপুরে বিশ্ব কুষ্ঠ দিবস পালিত

“ঐক্যবদ্ধ কাজ করি কুষ্ঠ মুক্ত দেশ গড়ি” এ প্রতিপাদ্যে মেহেরপুরে পালিত হয়েছে বিশ্ব কুষ্ঠ দিবস।

মেহেরপুর সিভিল সার্জন অফিসের আয়োজনে রবিবার (২৬ জানুয়ারি) সকাল দশটার দিকে শহরের পৌর ঈদগাহ গেটের সামনে থেকে একটি র্যালি বের হয়ে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালে গিয়ে শেষ হয়।

পরে, সিভিল সার্জন অফিসের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা শেষে ১০ জন কুষ্ঠ রোগীদের মধ্যে কম্বল বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা: মহী উদ্দীন আহমেদ, ডা: মোহাম্মদ ফজলুর রহমান, ডা: এস এম মাসুদুজ্জামান, ডা: উম্মে হোমায়রা আয়েশা, ডা: মো: ইনজামাম উল হক, ডা: কামরুন নাহারসহ জেলা স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণ।

মুজিবনগরে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উদযাপন

“শিশুকে বুকের দুধ খাওয়ানোর জন্য এগিয়ে আসুন: শেখান ও সহযোগিতা করুন” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ-২০২২ উদযাপন করা হয়েছে।

মেহেরপুর কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট, গুড নেইবারস বাংলাদেশ বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উদযাপন উপলক্ষে সোমবার বিকেলে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গনে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সিডিপি ম্যানেজার বিভব দেওয়ান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান

অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাক্তার সুপ্রিয়া গুপ্তা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিডিপি এর মেডিকেল অফিসার ডা: ইয়াসিন আল বাশার, সিডিপি এর সি.অফিসার এস এম রিফাত আল- মাহমুদ।

বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ পালন উপলক্ষে আলোচনা সভায় বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ এর তাৎপর্য গুরুত্ব, শিশুকে বুকের দুধ খাওয়ানোর নিয়ম। শিশুকে দুধ খাওয়ানোর সময়। বুকের দুধ খাওয়ানোর উপকারিতা সম্পর্কে উপস্থিত মায়েদের কে পরামর্শ দেওয়া হয়।

অনুষ্ঠান শুরুর আগে সিডিপি ম্যানেজার বিভব দেওয়ান এর নেতৃত্বে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ ২০২২ উদযাপন উপলক্ষে মানুষকে সচেতন করতে একটি র্যালি বের করা হয়।

বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উদযাপন অনুষ্ঠানে এলাকার ৭৫ জন মা অংশগ্রহণ করেন। অনুষ্ঠানটি সার্বিক সঞ্চালনায় ছিলেন সিডিপির এস এস সাপোর্টার সজীব হোসেন।